দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 12 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 2

022

# ৬ মাস পর ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশঃ তা-ও জানার উপায় নাই

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গত শনিবার ঢাকা ভার্সিটির ডিগ্রী পরীক্ষার ফলাফল প্রকাশ হইলেও গতকাল (রবিবার) পর্যন্ত অধিকাংশ ছাত্র-ছাত্রী ফলাফল জানিতে পারে নাই। খোঁজ নিয়া দেখা গিয়াছে, কর্তৃপক্ষ প্রশাসনিক ভবনের গেটে রেজাল্ট-সীট টাঙ্গাইয়া ফলাফল প্রকাশের দায়িত্ব শেষ করিয়াছেন। ঢাকার বাহিরের কলেজ তো দূরের কথা, মহানগরীর অধিকাংশ কলেজে গতকাল পর্যন্ত রেজাল্ট-সীট পৌঁছে নাই। ফলে হাজার হাজার ছাত্র-ছাত্রী গতকালও পাগলের ন্যায় প্রশাসনিক ভবনের সামনে ভিড় করে।